# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৪

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭৭: দু হাত ধৌত করা প্রসঙ্গ

غَسْلُ الْيَدَيْنِ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ وَحُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، عَنْ يَزِيدَ وَهُوَ ابْنُ زُرَيْعٍ، قال: حَدَّثَنِي شُعْبَةُ، عَنْ مَالِكِ بْنِ عُرْفُطَةَ، عَنْعَبْدِ خَيْرٍ، قال: شَهِدْتُ عَلِيًّا دَعَا بِكُرْسِيٍّ فَقَعَدَ عَلَيْهِ، ثُمَّ دَعَا بِمَاءٍ فِي تَوْرٍ فَغَسَلَ يَدَيْهِ ثَلَاثًا، ثُمَّ مَضْمَضَ وَاسْتَنْشَقَ بِكَفٍّ وَاحِدٍ ثَلَاثًا، ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلَاثًا، وَيَدَيْهِ ثَلَاثًا ثَلَاثًا، ثُمَّ غَمَسَ يَدَهُ فِي الْإِنَاءِ فَمَسَحَ بِرَأْسِهِ ثُمَّ غَسَلَ رِجْلَيْهِ ثَلَاثًا ثَلَاثًا . ثُمَّ قَالَ: مَنْ سَرَّهُ أَنْ يَنْظُرَ إِلَى وُضُوءِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَهَذَا وُضُوءُهُ.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٩١، (تحفة الأشراف: ١٠٢٠٣) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 94 _ صحيح الإسناد

বাংলা

৯৪. ’আমর ইবনু ’আলী ও হুমায়দ ইবনু মাস্’আদাহ্ (রহ.)...... ’আবদ খয়র (রহ.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ’আলী (রাঃ)-এর নিকট উপস্থিত ছিলাম, তিনি একটি চৌকি আনতে বলেন। তিনি তাতে বসেন এবং একটি পাত্রে পানি আনতে বলেন, (পানি আনা হলে) তিনি তিনবার করে উভয় হাত ধৌত করেন। অতঃপর এক এক অঞ্জলি পানি দিয়ে তিনবার কুলি করেন ও নাকে পানি দেন। পরে তিনবার মুখমণ্ডল ধৌত করেন ও উভয় হাত তিনবার করে ধৌত করেন। এরপর হাত পানির পাত্রে প্রবেশ করান এবং মাথা মাসাহ করেন। পরে উভয় পা তিনবার করে ধৌত করেন এবং বলেন, যে ব্যক্তি রাসূলুল্লাহ (সা.) -এর উযূ দেখে খুশি হতে চায় (সে যেন আমার উযূ দেখে); এরূপই ছিল তাঁর উযূ।

## English

77. Washing The Hands

It was narrated that 'Abd Khair said: I saw 'Ali call for a chair and he sat down, then he called for water in a vessel and washed his hands three times, then he rinsed his mouth and nose with one hand, three times. Then he washed his face three times, and his hands three times. Then he dipped his hand in the vessel and wiped his head, then he washed each foot three times. Then he said: 'Whoever would like to see how the Messenger of Allah (ﷺ) performed Wudu', this is his Wudu'.'

## ফুটনোট

সহীহ: আবূ দাউদ ১১৩, মুসনাদে আহমাদ ৯৮৯, নাসায়ী’র “সুনানুল কুবরা” ৯৭, সহীহ আবূ দাউদ ১০২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদু খায়ের (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86365

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন